

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২৬-৫২

০৬ বৈশাখ ১৪৩৩
তারিখ:-----
১৬ এপ্রিল ২০২৬

বিষয়: রাষ্ট্রীয়/সরকারি কাজে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের বিদেশযাত্রা ও স্বদেশে প্রত্যাবর্তনকালে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি।


রাষ্ট্রীয়/সরকারি কাজে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের বিদেশযাত্রা ও স্বদেশে প্রত্যাবর্তনকালে এবং দেশের অভ্যন্তরে সফরকালীন বিদায় সংবর্ধনা ও স্বাগত জানানোর জন্য নিম্নরূপ নির্দেশাবলি পালন করতে হবে:

- (ক) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের বিদেশ গমন ও স্বদেশে প্রত্যাবর্তনকালে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্মসচিব বিমানবন্দরে উপস্থিত থাকবেন।
- (খ) দেশের অভ্যন্তরে সফরকালে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী তাঁর ঢাকা ত্যাগ ও প্রত্যাবর্তনস্থলে মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব উপস্থিত থাকবেন।
- (গ) জেলা সদরে যথাসম্ভব জেলা প্রশাসক ও পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর আগমন ও বিদায়ের স্থানে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন।
- (ঘ) জেলা সদরে উপস্থিত থাকার জন্য জেলা প্রশাসক অথবা পুলিশ সুপারের নিজের সরকারি সফর বাতিল বা পরিবর্তন করার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে জ্যেষ্ঠ অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত পুলিশ সুপার অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ইচ্ছা প্রকাশ করলে জেলা প্রশাসক অথবা পুলিশ সুপার তাঁর সফরসূচি বাতিল করবেন।
- (ঙ) উপজেলা সদর অথবা উপজেলার অন্য কোনো স্থানে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরকালে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। আবশ্যিক না হলে জেলা প্রশাসক কিংবা পুলিশ সুপার-এর এক্ষেত্রে উপস্থিত থাকার প্রয়োজন নেই।
- (চ) আগমন ও প্রস্থানের সময় আবশ্যিক না হলে বিমানবন্দর বা রেলওয়ে স্টেশনে জেলা প্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/কক্সবাজার/যশোর-এর উপস্থিত থাকার প্রয়োজন নেই। পুলিশ সুপার, যশোর ও কক্সবাজার/মেট্রোপলিটন পুলিশ কমিশনারের ক্ষেত্রেও এটি প্রযোজ্য।
- (ছ) কোনো জেলা/উপজেলায় আগমন/প্রস্থানের সময় আশেপাশের জেলার বিমানবন্দর/রেলস্টেশন ট্রানজিট হিসেবে ব্যবহৃত হলে ট্রানজিট স্থানে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকবেন।
- (জ) বিভাগীয় কমিশনার সদরদপ্তরে উপস্থিত থাকলে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর আগমনের পর সৌজন্যমূলক সাক্ষাৎ করতে পারেন।
- (ঝ) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (ঞ) রেলযোগে ভ্রমণের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে রেলওয়ে পুলিশ সুপার তৎক্ষণাৎ সংশ্লিষ্ট রুটের সকল পুলিশ স্টেশন/ফাঁড়িকে অবহিত করবেন।
- (ট) যে স্টেশনে ট্রেন হতে অবতরণ এবং ট্রেনে পুনরায় আরোহণ করবেন অথবা কোনো জংশনে যে স্থানে ট্রেন বদলের প্রয়োজন হবে সে সকল স্থানে পুলিশের একজন পরিদর্শক/উপপরিদর্শক উপস্থিত থাকবেন। এছাড়াও রেলযোগে চট্টগ্রামে গমন ও প্রস্থানের সময় সেখানে চট্টগ্রাম রেলওয়ের পুলিশ সুপার উপস্থিত থাকবেন।

২। সাধারণ নির্দেশাবলি:

- (ক) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের সফরসূচি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট যথাসময়ে প্রেরণ করতে হবে। সফরসূচিতে কোনো পরিবর্তন হলে তাও যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।
- (খ) সার্কিট হাউজ/সরকারি রেস্ট হাউজ ব্যতীত নিজ বাড়ি কিংবা অন্যত্র অবস্থানের ক্ষেত্রেও রাষ্ট্রাচার সংক্রান্ত বিদ্যমান নির্দেশাবলি প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (গ) সফরসূচি প্রণয়নের সময় সফরটি সরকারি, না ব্যক্তিগত তা মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের দপ্তর হতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করতে হবে। সরকারি সফরের সময় মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হবে। ব্যক্তিগত সফরের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হলে এ সংক্রান্ত সেবার মূল্য পরিশোধের প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে।
- (ঘ) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব/সহকারী একান্ত সচিবগণ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর ইচ্ছা অনুযায়ী এতদসংক্রান্ত দায়িত্ব পালন করবেন।

৩। উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২৭ আগস্ট ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.২৪.৬১ নম্বর স্মারকে জারিকৃত নির্দেশাবলি এতদ্বারা প্রতিস্থাপিত হলো।


(নাসিমুল গনি)
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২৬.৫১

০৩ বৈশাখ ১৪৩৩
তারিখ:-----
১৬ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৩। মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ।
- ৪। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব।
- ৮। মন্ত্রী/প্রতিমন্ত্রীগণের একান্ত সচিব।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।